তারিখ ... 06 AUG 1997 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ...

দৈনিক ইত্তেফাক

## শিক্ষার জন্য খাদ্য' কর্মসূচীর গম বিতরণে অনিয়ম

ব্রাহ্মণবাড়ীয়া জেলায় নাসিরনগর থানার অন্তর্গত চাতলপাড় ইউনিয়নের চাতলপাড় (সরঃ) প্রাথমিক বিদ্যালয়ের হাজারখানেক ছাত্র-ছাত্রীর অধিকাংশই গরীব পরিবারের সন্তান। বাংলাদেশ সরকার এই সমস্ত গরীব ছাত্র-ছাত্রীকে লেখা-পড়ায় উৎসাহিত করিবার লক্ষ্যে জনপ্রতি পনের কেজি গম মাস অন্তর-অন্তর প্রদান করিয়া থাকেন। কিন্তু কতিপয় অসাধু লোকের কারণে সরকারী গম গরীব ছাত্র-ছাত্রীগণ পাইতেছে না। আর্থিকভাবে সচ্ছল ও পরিচিত ছাত্র-ছাত্রীদের গম প্রদান করা হইতেছে। ফলে সরকারের মূল উদ্দেশ্যই ব্যাহত হইতেছে। এ ব্যাপারে সুষ্ঠু তদন্তের আশু উদ্যোগ নিতে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—নাম প্রকাশে অনিচ্ছুক।